গণঅভ্যুত্থানের স্মরণে স্মারক ডাকটিকিট উন্মোচন করলেন প্রধান উপদেষ্টা ইউনূস



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ উপলক্ষে স্মারক ডাকটিকিট, উদ্বোধনী খাম ও সিলমোহর প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। রাজধানীর যমুনা রাষ্ট্রীয় অতিথিভবনে আয়োজিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারের গুরুত্বপূর্ণ উপদেষ্টা ও কর্মকর্তারা।

গণতান্ত্রিক চেতনার প্রতীক হিসেবে স্মরণীয় ৫ আগস্ট—জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে মঙ্গলবার দুপুরে একটি বিশেষ স্মারক ডাকটিকিট, উদ্বোধনী খাম এবং সিলমোহর উন্মোচন করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

রাজধানীর রাষ্ট্রীয় অতিথিভবন যমুনায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা উপদেষ্টা সি. আর. আবরার, মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা ফারুক-ই-আজম, শিল্প ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, প্রধান উপদেষ্টার তথ্যপ্রযুক্তি বিষয়ক বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী এবং ডাক ও টেলিযোগাযোগ সচিব আবদুন নাসের খান।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ডাকটিকিট শুধু ডাক বিনিময়ের উপকরণ নয়—এটি ইতিহাস, সংগ্রাম ও জাতীয় স্মৃতিকে বহন করে। এই স্মারক ডাকটিকিট জুলাইয়ের বীরদের প্রতি জাতির কৃতজ্ঞতা ও সম্মানের বহিঃপ্রকাশ।

ডাক বিভাগ জানায়, স্মারকটি দেশের সব প্রধান ডাকঘরে সীমিতসংখ্যক সরবরাহ করা হবে এবং সংগ্রাহকদের জন্য এটি একটি ঐতিহাসিক সংযোজন হিসেবে বিবেচিত হবে।